# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়, ঢাকা।

## হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

সার্কুলার লেটার নং-০৫/২০১৮ তারিখ ঃ ৩০-০৫-২০১৮ খ্রিঃ

বিষয় ঃ লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত সাফল্য ও গুণগত মান বিচার করে বার্ষিক গোপণীয় প্রতিবেদন মূল্যায়ন প্রসংগে।

শিরোণামে বর্ণিত বিষয়ে সরকারের সাথে সম্পাদিত APA (Annual Performance Agreement) এর চাহিদা এবং কর্তৃপক্ষের নির্দেশের প্রেক্ষিতে ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের Performance Based ACR ফরম প্রণয়ন করা হয়েছে, যা ২০১৭-২০১৮ অর্থবছর থেকে কার্যকর হবে। সে লক্ষ্যে ২০১৭-২০১৮ অর্থ বছরে কর্মকর্তা/ কর্মচারীদেরকে ব্যাংকের ব্যবসায়িক বার্ষিক লক্ষ্যমাত্রা (বিভাগ/অঞ্চল/শাখার জন্য) প্রদান ও তা অর্জনের জন্য ইতোমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে। কর্মকর্তা/ কর্মচারীদের প্রকৃত মূল্যায়নের জন্য ২০১৭-২০১৮ অর্থ বছর হতে বার্ষিক গোপণীয় প্রতিবেদন মূল্যায়ন হবে শুধুমাত্র লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জনের উপর ভিত্তি করে অর্থাৎ কোনভাবেই আবেগের বশবর্তী হয়ে কম/বেশী মূল্যায়ন করা যাবে না।

০২। এমতাবস্থায়, বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করে প্রতিবেদনকারী কর্মকর্তাদেরকে ২০১৭-২০১৮ অর্থ বছর হতে নতুনভাবে প্রণয়নকৃত Performance Based ACR ফরমে লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জনের ভিত্তিতে মূল্যায়নের জন্য অনুরোধ করা হলো। প্রকৃত অর্জনের ভিত্তিতে মূল্যায়ন করা না হলে বার্ষিক গোপণীয় প্রতিবেদন মূল্যায়নকারী কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয়/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য, লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে মার্কিং হার ঃ অতি উত্তম-৫ (৮০% - ১০০%), উত্তম-৪ (৭০% - ৭৯%), ভাল-৩ (৫১% - ৬৯%), মোটামুটি-২ (৪১% - ৫০%), খারাপ-১ (৪০% ও তদনিম্ন)। মোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সার্বিক মূল্যায়ন করতে হবে।

আদেশক্রমে-

৩০/০৫/২০১৮

(মোঃ জহির ইকবাল)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/এইচআরএমডি-২/৮৭/২০১৭-২০১৮/৪২৬০(১২৫০) তারিখ ঃ ৩০-০৫-২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর,বাংলাদেশ কৃষি ব্যাংক/অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। সার্কুলার লেটারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেম্স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল মূখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বিকেবি (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মূখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
০৯। নথি/মহানথি।

৩০/০৫/১৮

( মোঃ খোরশেদ আনোয়ার)
সহকারী মহাব্যবস্থাপক